



কারিগরি ত্রুটিতে আসছে না এয়ার অ্যান্ডুলেস, খালেদা জিয়ার লন্ডন যাত্রা পেছাল



সংগৃহীত ছবি

খালেদা জিয়ার বিদেশে চিকিৎসা নিতে লন্ডন যাওয়ার পরিকল্পনা আবারও বাধাগ্রস্ত হলো। তার জন্য নির্ধারিত বিশেষ এয়ার অ্যান্ডুলেসটি হঠাৎ কারিগরি সমস্যায় পড়ায় শুক্রবার ঢাকায় পৌঁছাতে পারেনি। ফলে বিএনপি চেয়ারপারসনের যাত্রা অন্তত এক দিন পিছিয়ে গেল।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানান, যে বিমানে খালেদা জিয়াকে নেওয়ার কথা ছিল, সেটির প্রস্তুতিতে জটিলতা দেখা দেয়। তিনি বলেন, সবকিছু ঠিকঠাক থাকলে শনিবার এয়ার অ্যান্ডুলেসটি ঢাকায় আসতে পারে।

রাজনৈতিক অঙ্গনে বৃহস্পতিবার রাত থেকেই খালেদা জিয়ার সম্ভাব্য যাত্রা নিয়ে তুমুল আলোচনা চলছিল। হাসপাতাল থেকে স্থানান্তরের প্রস্তুতিও নেওয়া হচ্ছিল বলে জানা গেছে। কিন্তু সকালে বিএনপি আনুষ্ঠানিকভাবে জানায়—বিমানের বিলম্বে পুরো সূচিতে পরিবর্তন এসেছে।

মির্জা ফখরুল বলেন, খালেদা জিয়ার বিদেশ যাত্রার চূড়ান্ত সিদ্ধান্ত এখন তার শারীরিক অবস্থার ওপর নির্ভর করছে। মেডিকেল বোর্ড সবুজ সংকেত দিলে এবং শরীর অনুকূল থাকলে তিনি ৭ তারিখে লন্ডনের উদ্দেশে রওনা দিতে পারেন।